



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)  
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০  
www.bac.gov.bd

স্মারক নং. বিএসি/বগপ্র/গবেষণা/গ. প্র. ২০২৫-২৬/১৬/২০২৪-১৬৭

তারিখ: ০৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**২০২৫-২৬ অর্থ বছরের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান**

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক দেশের সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-গবেষকগণের নিকট থেকে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে ২০২৫-২৬ অর্থ বছরের জন্য এক বছর মেয়াদী (সর্বোচ্চ তিন লক্ষ টাকা) গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। গবেষণা প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে:

১. 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' অনুসরণপূর্বক এবং নির্ধারিত ফরম (প্রোফর্মা) অনুসারে গবেষণা প্রকল্প প্রস্তাব ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ (বৃহস্পতিবার) তারিখের মধ্যে ই-মেইলে ০১ সেট সফট কপি (Microsoft Office Word) এবং ০২ সেট Hard copy প্রদত্ত ঠিকানায় দাখিল করতে হবে।
২. নির্ধারিত ফরম (প্রোফর্মা): <https://www.bac.gov.bd> (নোটিশ বোর্ড/গবেষণা ও প্রকাশনা); Facebook: <https://www.facebook.com/BAC.GOV>.
৩. গবেষণা প্রকল্প প্রস্তাব প্রেরণের ঠিকানা: উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা), ১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০। Email: [dd.exarsp@bac.gov.bd](mailto:dd.exarsp@bac.gov.bd); [farzana1205@yahoo.com](mailto:farzana1205@yahoo.com).
৪. 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' অনুসরণপূর্বক গবেষণা প্রকল্প প্রস্তাব যথাযথভাবে দাখিল করতে হবে (Part-A-Project information; Part-B-Logical interpretation; Part-C-Budget; Part-D-Project completion plan; Part-E-Short CV of the Researcher).
৫. ০২ সেট Hard copy অবশ্যই A4 খামে প্রেরণ করতে হবে। খামের ওপরে গবেষণা প্রকল্প প্রস্তাবের শিরোনাম, প্রেরকের ঠিকানা এবং প্রাপকের ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। গবেষণা প্রকল্প প্রস্তাবের শিরোনাম, ক্ষেত্র, লক্ষ্য এবং উদ্দেশ্য 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' -এর লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
৬. গবেষণা প্রকল্প প্রস্তাবসহ সংশ্লিষ্ট কাগজাদি এবং Plagiarism Checking Certificate (যদি থাকে) গবেষকের কর্মরত প্রতিষ্ঠান প্রধান (উপাচার্য বা উপ-উপাচার্য বা রেজিস্ট্রার বা ট্রেজারার বা গবেষণা সেলের পরিচালক)-এর প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে। মহাবিদ্যালয় বা কলেজের ক্ষেত্রে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে।
৭. একই অর্থ বছরে কোন গবেষণা প্রকল্প চলমান থাকলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে না।
৮. গবেষকগণকে এককভাবে গবেষণা প্রকল্প পরিচালনায় উদ্বুদ্ধ করা হচ্ছে, তবে যৌথভাবেও গবেষণা প্রকল্প পরিচালনা করা যাবে। অবসরপ্রাপ্ত বা বিদেশে অবস্থানকারী বাংলাদেশী শিক্ষক বা গবেষক এবং বাংলাদেশে কর্মরত বিদেশি শিক্ষক বা গবেষক অবশ্যই বাংলাদেশে কর্মরত কোনো শিক্ষক বা গবেষকের সাথে যৌথভাবে গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করবেন। কর্মরত শিক্ষক বা গবেষক ছাড়া অন্য কেউ মুখ্য গবেষক হিসেবে গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না।
৯. গবেষণা প্রকল্প প্রস্তাব সংক্রান্ত যেকোন তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২২/১২/২০২৪

(ফারজানা শারমিন, পিএইচডি)

উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা)

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

টেলিফোন (অফিস): ০২-২২২২২৯৩১৯

ই-মেইল: [dd.exarsp@bac.gov.bd](mailto:dd.exarsp@bac.gov.bd); [farzana1205@yahoo.com](mailto:farzana1205@yahoo.com)